

Central Railway Building (CRB) এর সংক্ষিপ্ত বৃত্তান্ত

❖ পটভূমি :	
১)	বাংলাদেশ রেলওয়ের ইতিহাসের অন্যতম নিদর্শন হিসেবে পরিচিত ব্রিটিশ আমলে নির্মিত চট্টগ্রামের Central Railway Building (CRB) ভবন। আসাম-বেঙ্গল রেলওয়ের সদর দপ্তর হিসেবে ১৮৯৭-৯৮ সালে ২০ একর জমির উপর প্রতিষ্ঠিত Central Railway Building (CRB) বর্তমানে বাংলাদেশ রেলওয়ের পূর্বাঞ্চলের প্রধান কার্যালয় হিসেবে ব্যবহৃত হচ্ছে। প্রায় ১২৪ বছরের পুরানো বর্তমানের স্থাপনা/ভবনটি ০৫ টি বিভিন্ন পর্যায়ে নির্মিত হয়েছে।
২)	১৮৯৭-৯৮ সনে ব্রিটিশ শাসনামলে ২ তলা বিশিষ্ট ভবনটির মূল South Block (৩৫৫' -৪" x ১১১'-৫") অংশ নির্মিত হয়। পরবর্তীতে ২য় পর্যায়ে ১৯২৫-৩১ সনের মধ্যে মূল ভবনের পূর্ব ও পশ্চিম পাশে ২ তলা বিশিষ্ট East Block এবং West Block (৭৯' -৬" x ৪১'-১০") এর নির্মাণ কাজ সম্পন্ন হয়।
৩)	দেশ বিভাগের পর পাকিস্তান আমলে ১৯৫৮ সালে ভবনের West Block এর সাথে উত্তর-দক্ষিণ বরাবর ৩ তলা বিশিষ্ট (১৪৫'-০" x ৪১'-১০") আয়তনের ভবন নির্মাণের মাধ্যমে West Block সম্প্রসারণ কাজ সম্পন্ন করা হয়। ১৯৬২-৬৫ সাল পর্যন্ত সময়ে ভবনের South Block এর পিছনে East Block ও West Block সংযুক্ত করে ৪ তলা R.C.C Frame Structure এর দুটি ভবন নির্মাণ করা হয়। ভবন দুটির দৈর্ঘ্য ও প্রস্থ যথাক্রমে ২৫১' -৪" x ৩৯'-৪" ও ৩৫২' x ৩৮'।
৪)	১৯৭১ সনে মহান মুক্তিযুদ্ধে Aerial Bombing এ ভবনের East Block মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়। সে প্রেক্ষিতে ১৯৭৯ সালে ব্রিটিশ আমলে নির্মিত East Block (৭৯' -৬" x ৪১'-১০") এর স্থলে ৪ তলা ভবন নির্মাণ করা হয়। নতুন নির্মিত এ ভবনে ২০" Brick Masonry এর উপর R.C.C Beam ব্যবহৃত হয়েছে।
❖ CRB ভবনের বর্তমান অবস্থা :	
১)	ভবনের South Block ও West Block এর ২য় তলার ছাদের মূল লোহার Beam এবং এর সাথে আড়াআড়িভাবে স্থাপিত Inverted T beam অধিকাংশ স্থানে মরিচা পড়ে এবং ক্ষয়প্রাপ্ত হয়ে খুলে পড়ে যাচ্ছে। এতে করে পর পর দুটি Inverted T beam এর মধ্যখানে স্থাপিত Clay Tile Block অথবা Lime Concrete এর Floor খুলে পড়ে যাচ্ছে এবং কোথাও কোথাও বড় বড় Crack এর সৃষ্টি হয়েছে। বিদ্যমান Crack এর মধ্য দিয়ে পানি ঢুকে মূল লোহার Beam ও Inverted T beam এ মরিচা ধরার পরিমাণ দিনে দিনে বৃদ্ধি পাচ্ছে।
২)	মূল ভবনের চারিপাশে ১০' এর Corridor সংশ্লিষ্ট Continuous Brick Masonry Foundation Settlement হওয়ার কারণে Corridor এর মধ্যখানে ফাটলের সৃষ্টি হয়েছে। ভবনের Roof এর অধিকাংশ স্থান এবং Wall এর কোন কোন স্থান সঁগাতসঁগাতে।
৩)	West Block এর সম্প্রসারিত ভবনের Floor এর যে অংশে টয়লেটে অথবা পানি সরবরাহের পাইপ লাইন স্থাপিত আছে তার নিচে Floor damped হয়ে ভিতরের Reinforcement rusting হয়ে কোন কোন জায়গায় Floor এর নিচের Plaster খসে পড়েছে/পড়ছে।
৪)	১৯৬২-১৯৬৫ সালের মধ্যে নির্মিত South Block এর পিছনে East ও West Block সংযুক্ত করে নির্মিত ৪ তলা ভবনের বাহ্যিক অবস্থা দৃষ্টে ভাল প্রতীয়মান হয়।
❖ CRB ভবনের অবকাঠামোগত শক্তি বৃদ্ধিকরণে গৃহীত ব্যবস্থা :	
বাংলাদেশ রেলওয়ের CRB ভবন একটি হ্যারিটেজ স্থাপনা। এটির মূল ভবনের বাহ্যিক অবকাঠামো পরিবর্তন না করে কাঠামোগত অবস্থা শক্তিশালী/বৃদ্ধি করার জন্য পরামর্শক প্রতিষ্ঠান Bureau Veritas (Bangladesh) Private Limited এর সাথে ০৭.০৬.২০২৩ তারিখে বাংলাদেশ রেলওয়ের একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। উক্ত প্রতিষ্ঠান CRB ভবনের কাঠামো ও স্থাপত্যগত সামগ্রিক অবস্থা পর্যবেক্ষণ করে প্রয়োজনীয় পরিবর্তনের জন্য সুপারিশ প্রদান করবে। এছাড়াও প্রতিষ্ঠানটি কর্তৃক CRB ভবনের retrofitting/strengthening কাজের বিষয় নকশা, দরপত্র দলিল এবং Construction Supervision Service এর Terms of Reference (ToR) প্রণয়ন করা হবে। ইতোমধ্যে প্রতিষ্ঠানটি কর্তৃক এ বিষয়ে Interim Report এবং Draft DEA(Detailed Engineering Assessment) দাখিল করা হয়েছে। দাখিলকৃত রিপোর্টের আলোকে পরামর্শক প্রতিষ্ঠান Bureau Veritas (Bangladesh) Private Limited কর্তৃক আয়োজিত Draft DEA (Detailed Engineering Assessment) উপর গত ১৫.০১.২০২৫ তারিখে মহাব্যবস্থাপক (পূর্ব) এর সম্মেলন কক্ষে সচিব মহোদয়ের উপস্থিতিতে একটি সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠিত সভার গৃহীত সিদ্ধান্ত পরামর্শক প্রতিষ্ঠানকে অবহিত করা হয়। বর্তমানে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী কাজ চলমান রয়েছে। যা আগামী ৩১.১২.২০২৫ তারিখে সম্পূর্ণ হবে।	